পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৫
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone: (off.) 8613280
9661900-59/4075
Fax: 88-02-9667222
E-mail: examcontrollera7c@du.ac.bd

মেমো নং:-১৭৩৮/শা-২(ক)/প.

তারিখ: ২৬ ভাদ্র ১৪৩২ / ১০ সেপ্টেম্বর ২০২৫

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেসা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, মহাখালী, ঢাকা।

## ২০২৪ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি।

মহোদয়,

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে অধ্যক্ষ ঢাকা কলেজ ও সরকারি ৭ (সাত) কলেজের অন্তর্বর্তীকালীন প্রশাসকের সুপারিশক্রমে জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে **২০২৪** সনের ৪র্থ বর্ষ অনার্স নিয়মিত, অনিয়মিত ও মানোন্নয়ন পরীক্ষার্থীদের পরীক্ষার আবেদন ফরমপূরণ ও সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষের পূরণকৃত ফরম ভেরিফিকেশন, আনুষঙ্গিক নিয়ম, শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো। **পূর্বঘোষিত তারিখ অনুযায়ী পরীক্ষার শুরু হবে**। বিস্তারিত সময়সূচি পরবর্তীতে সংশ্লিষ্ট সকলকে জানানো হবে।

| ক্র. নং | পরীক্ষার্থীদের ফিস্ এর বিবরণ | টাকা | পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরমপূরণ শুরু ও শেষ তারিখ | কলেজ কর্তৃক ব্যাংক ড্রাফ্ট, কাগজপত্র জমা ও অনলাইনে ভেরিফিকেশনের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় প্রতি পূর্ণ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | ১১/০৯/২০২৫ থেকে ২০/০৯/২০২৫ পর্যন্ত। | ২২/০৯/২০২৫ |
| ০২ | তত্ত্বীয় প্রতি অর্ধ পত্রের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ১৪০/- | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্সের জন্য বিশ্ববিদ্যালয়ে জমা হবে) | ২০০/- | | |
| ০৪ | রিসার্চ প্রজেক্ট ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য প্রযোজ্য ক্ষেত্রে) | ২০০/- | | |
| ০৫ | মৌখিক ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য) | ২০০/- | | |
| ০৬ | ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)<br>ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা<br>খ. কলেজ ফান্ডে জমা হবে ২০০/- টাকা | ৩০০/- | | |
| ০৭ | বিশেষ অন্তর্ভুক্তি ফি (মানোন্নয়ন / গ্রেড উন্নয়ন প্রতি পরীক্ষার্থীর জন্য কোর্স ফি'র অতিরিক্ত) বিশ্ববিদ্যালয়ে জমা হবে। | ৫০০/- | | |
| ০৮ | সাময়িক সনদ ফি (নিয়মিত ও অনিয়মিত শিক্ষার্থীদের জন্য) | ৩০০/- | | |
| ০৯ | নম্বরপত্র ফি (নিয়মিত ও অনিয়মিত শিক্ষার্থীদের জন্য) | ৪৫০/- | | |
| ১০ | কেন্দ্র ফি তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে<br>ক. কলেজের অংশ ৩০০/- টাকা<br>খ. কেন্দ্রের অংশ ৪৫০/- টাকা | ৭৫০/- | | |
| ১১ | কেন্দ্র ফি ব্যবহারিক (প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে | ১২০/- | | |
| ১২ | মাঠকর্ম ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)- প্রযোজ্য ক্ষেত্রে<br>ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা<br>খ. কলেজ ফান্ডে জমা হবে ১০০০/- টাকা | ১১০০/- | | |
| ১৩ | টার্ম পেপার ফি (প্রতি পরীক্ষার্থীর জন্য)- প্রযোজ্য ক্ষেত্রে<br>ক. বিশ্ববিদ্যালয়ের ফান্ডে জমা হবে ১০০/- টাকা<br>খ. কলেজ ফান্ডে জমা হবে ১৫০/- টাকা | ২৫০/- | | |
| ১৪ | নন-কলেজিয়েট ফি (বিশ্ববিদ্যালয়ে জমা হবে) | ১৫০০/- | | |

## আবেদন ফরমপূরণঃ

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য):**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে/ https://student.7college.du.ac.bd/ লগইন করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরম পূরণের নির্দেশনাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরম পূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে। সংশোধনের পর অবশ্যই সাবমিট করতে হবে।**

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ **অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ** স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **১৮/০৯/২০২৫** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের **৩২২** নং কক্ষে জানাতে পারবে।

### ০১. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী:

#### নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

**২০২০-২০২১** শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীদের মধ্যে যারা ২০২৩ সনের ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ তারা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে **২০২৪** সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। **শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাশে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সেই সকল শিক্ষার্থীকে "নন-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "নন-কলেজিয়েট" ফিস প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে। "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।**

**২০২৩ সনের ৩য় বর্ষ** পরীক্ষায় যে সকল শিক্ষার্থী ৪র্থ বর্ষে উত্তীর্ণের জন্য ন্যূনতম জি.পি.এ. (২.০০) না পেয়ে অকৃতকার্য হয়েছে তাদের মধ্যে যাদের সর্বোচ্চ ৩টি পত্রে "F" গ্রেড/ অনুপস্থিত আছে তাদেরকে পরবর্তী বর্ষে (৪র্থ বর্ষে) উত্তীর্ণের সুযোগ দেয়া হয়েছে এক্ষেত্রে তারাও **২০২৪** সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

#### অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

**২০২১** এবং **২০২২ সনের** ৩য় বর্ষ অনার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা যারা **২০২২** এবং **২০২৩** সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারেনি তারা **২০২৪** সনের ৪র্থ বর্ষ অনার্স পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। অনিয়মিত শিক্ষার্থীদের সকল পত্রে অংশগ্রহণ বাধ্যতামূলক।

#### মানোন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

**i)** ২০২৩ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যারা কৃতকার্য **(Passed)** হয়েছে তারা সংশ্লিষ্ট অনুষদের নিয়ম অনুযায়ী মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

**ii) ২০২২ ও ২০২৩** সনের ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে যাদের ফলাফল অসম্পূর্ণ **(Incomplete)** অর্থাৎ কোন পত্র/পত্রসমূহে "F" গ্রেড/অনুপস্থিত রয়েছে তারা ২০২৪ সনের ৪র্থ বর্ষ পরীক্ষায় সংশ্লিষ্ট অনুষদের নিয়ম অনুযায়ী মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে । ২০২২ সনের ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণকারী কোন শিক্ষার্থী যদি ২০২৩ সনের ৪র্থ বর্ষ পরীক্ষায় মানন্নোয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করে থাকে তাহলে উক্ত পরীক্ষার্থী "F" গ্রেড/অনুপস্থিত কোর্স ব্যতিত অন্য কোন কোর্সে অংশগ্রহণের সুযোগ নাই।

**iii) ২০২২ ও ২০২৩** সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ফলাফল অকৃতকার্য **(Failed)** তারা **২০২৪** সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় শুধুমাত্র অকৃতকার্য পত্র/পত্রসমূহে মানোন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে। তবে কোনো শিক্ষার্থী যদি চায় পূণ:ভর্তি হয়ে সকল পত্রে অংশগ্রহণ করতে পারবে।

**iv)** ২০২৪ সনের ৪র্থ বর্ষ পরীক্ষায় যে সকল শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের মেয়াদ (০৬ শিক্ষাবর্ষ) শেষ হয়েছে তারা ৪র্থ বর্ষের শুধুমাত্র "F" গ্রেড/ অনুপস্থিত পত্র/পত্রসমূহে ২৫০০/- টাকা জরিমানা (ফরমপূরণের অতিরিক্ত) প্রদান সাপেক্ষে অংশগ্রহণ করতে পারবে।

✓ কলা অনুষদের ক্ষেত্রে (D থেকে B-) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

✓ সামাজিক বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে (D থেকে B) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

✓ বিজ্ঞান অনুষদের ক্ষেত্রে (D থেকে C+) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

✓ ব্যবসায় শিক্ষা অনুষদের ক্ষেত্রে (D থেকে A-) গ্রেড পর্যন্ত মানোন্নয়ন পরীক্ষা দিতে পারবে।

০২. কলেজের জন্য করণীয়:

যে সকল পরীক্ষার্থী ২০২৪ সালের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে কিন্তু অনলাইনে পরীক্ষার্থীদের তালিকায় নাম নাই এমন কোন শিক্ষার্থী থাকলে এবং তালিকায় তার ডাটা না পাওয়া যায় সে ক্ষেত্রে তার রেজাল্ট ও রেজিস্ট্রেশনের মেয়াদ যাচাইপূর্বক নির্ভুলভাবে নির্দিষ্ট এক্সেল ফরমেটে (ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে প্রেরিত) পরীক্ষার্থীদের ডাটা নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ করতে হবে। এছাড়াও অনলাইনে আবেদন ফরমপূরণকৃত পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক বিবরণীতে সংশ্লিষ্ট পরীক্ষার্থী, বিভাগীয় প্রধান ও অধ্যক্ষের স্বাক্ষরের পর মূল কপি ঢাকা বিশ্ববিদ্যালয়ে নির্ধারিত তারিখে জমা দিবে এবং এক কপি কলেজ সংরক্ষণ করবে উল্লিখিত পরীক্ষার ফলাফল প্রকাশিত হওয়া পর্যন্ত।

০৩. অনলাইনে আবেদন ফরম পূরণ নিশ্চয়ণ ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7College.du.ac.bd) Formfilup/ https://student.7college.du.ac.bd/ লিংক এ গিয়ে কলেজ লগইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে, শিক্ষার্থীর ফরমপূরণের ফিস জমা সম্পন্ন হয়ে থাকলে এবং **শিক্ষার্থী ৪র্থ বর্ষে পরীক্ষায় অংশগ্রহণের শর্ত পূরণ করলে** কলেজ কর্তৃপক্ষ ভেরিফাই করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি ভেরিফাই হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।

খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

০৪. ফিস জমাদানের পদ্ধতি:

২০২৪ সালের ৪র্থ বর্ষ সম্মান পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষকে "Seven College Student fees" **শিরোনামে হিসাব নং: ৪৪০৫৭০৩০০০০৯৪- এ সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে - অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে।** এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা কলেজ কর্তৃপক্ষ "CONTROLLER OF EXAMINATIONS" শিরোনামে হিসাব নং:-**33011288** (সোনালী ব্যাংক, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্পোরেট শাখা) এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডারকরে জমা দিতে হবে, ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। কলেজ কর্তৃপক্ষ তাদের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে (শিক্ষার্থী প্রতি) আদায় করবে।

০৫. ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ:

অনার্স ৪র্থ বর্ষ ২০২৪ পরীক্ষার্থীদের পূরণকৃত ফরম কলেজ কর্তৃক ভেরিফাই করার সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশনের বিপরীতে প্রাপ্ত নম্বর এন্ট্রি করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি নম্বরপত্র সংশ্লিষ্ট শাখার উপ-পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট প্রেরণ করতে হবে। উক্ত নম্বরপত্রের ০১ (এক) কপি এবং ইনকোর্স পরীক্ষার খাতা সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে (প্রয়োজন সাপেক্ষে পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসে প্রেরণ করতে হবে)।

আপনার বিশ্বস্ত


(ড. হিমাদ্রি শেখর চক্রবর্তী)
পরীক্ষা নিয়ন্ত্রক (ভারপ্রাপ্ত)
ঢাকা বিশ্ববিদ্যালয়
Email: examcontrollera7c@du.ac.bd


10 AUG

10.09.25